**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04–06–2024**
**Time: 08:00-08:15 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অষ্টাদশ লোকসভা নির্বাচনে এ পর্যন্ত ঘোষিত ফলাফলে এনডিএ সংখ্যা গরিষ্ঠতা পেতে চলেছে ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে জয়লাভ করেছেন ।**

**(৩) পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বিপ্লব কুমার দেব জয়লাভ করেছেন । রামনগর বিধানসভার উপনির্বাচনে বিজেপি প্রাথী দীপক মজুমদার জয়লাভ করেছেন ।**

**(৪) ন্যাশনাল টেস্টিং এজেন্সি আজ নিটের আন্ডার গ্রাজুয়েট এর ফলাফল প্রকাশ করেছে।**

**************************************

**Over all Result :**

দেশবাসীর প্রতিক্ষা ও উৎকন্ঠার অবসান ঘটিয়ে অবশেষে অষ্টাদশ লোকসভা নির্বাচনের ফলাফল সবার সামনে স্পষ্ট হয়ে উঠেছে।

এই নিয়ে পর পর তিনবার এন.ডি.এ জোট সংখ্যা গরিষ্ঠতা অর্জন করেছে। বিজেপি প্রথমবার আসন দখল করেছে।

এদিকে, কংগ্রেস উত্তর প্রদেশে ভালো ফল করেছে।

******************************

**National :**

নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী লোকসভা নির্বাচনের গণনায় সারা দেশের ৫৪৩টি আসনের মধ্যে এখন পর্যন্ত এনডিএ জোট ১২৩টি আসনে জয়লাভ করেছে এবং আরো ১৬৮টি আসনে এগিয়ে রয়েছে। বিরোধী ইন্ডিয়া জোট ৫৬টি আসনে জয় সহ আরো ১৭৭টি আসনে এগিয়ে রয়েছে এবং অন্যান্য দল ১৯টি আসনে এগিয়ে আছে। এছাড়া দল গতভাবে বিজেপি ২৩৯ টি আসনে, তেলেগু দেশম ১৬ আসনে, জনতা দল (ইউনাইটেড) ১২ আসনে এগিয়ে। কংগ্রেস ৯৯টি আসনে, সমাজবাদী পার্টি ৩৮ আসনে, তৃনমূল কংগ্রেস ২৯ আসনে, ডি এম কে ২২ আসনে, সিব সেনা (উদ্ভব ঠাকরে) পার্টি ৯ আসনে, এন সি পি (শারদ পাওয়ার) পার্টি ৭ আসনে, আর যে ডি , সিপি আই এম ৪ আসনে এগিয়ে আছে ।

এছাড়া আম আদমী পার্টি ৩ আসনে, ঝাড়খন্ড মুক্তি মোর্চা ৩ এবং সিপিআই ২ আসনে এগিয়ে।মুক্তি মোর্চা ৩ এভং সিপিআই ২ আসনে এগিয়ে।

****************************

**PM Won :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে জয়লাভ করেছেন। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের অজয় রাইকে ১ লক্ষ ৫০ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেন। শ্রী মোদী পেয়েছেন ৬ লক্ষ ১২ হাজার ৯৭০টি ভোট এবং শ্রী রাই পেয়েছেন ৪ লক্ষ ৬০ হাজার ৪৫৭টি ভোট। এই কেন্দ্রে বহুজন সমাজবাদী পার্টির অতহর জামাল লারি ৩৩ হাজার ৭৬৬টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুন দিল্লিতে দলীয় সদর দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রী লোকসভা আসনের ফলাফলের জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি দলীয় কর্মী ও কার্যকর্তাদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানান।

*******************************

**East & Ramnagar assembly final :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ জয়লাভ করেছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র  রিয়াংকে ৪ লক্ষ ৮৬ হাজার ৮১৯ ভোটের ব্যবধানে পরাজিত করেছে। শ্রীমতি দেববর্মন পেয়েছেন তিনি পেয়েছেন ৭ লক্ষ ৭৭ হাজার ৪৪৭ টি ভোট এবং রাজেন্দ্র রিয়াং পেয়েছেন ২ লক্ষ ৯০ হাজার ৬২৮ টি ভোট। পূর্ব ত্রিপুরা আসনে নোটায় ভোট পড়েছে ১৮ হাজার ৩০৩ টি। বিকেল সাড়ে চারটায় পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মনের হাতে জয়ের শংসাপত্র তুলে দেন।

রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদার জয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআইএম প্রার্থী রতন দাসকে ১৮ হাজার ১৪ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। বিজেপি প্রার্থী দীপক মজুমদার পেয়েছেন ২৫ হাজার ৩৮০ টি ভোট। সিপিআইএম প্রার্থী রতন দাস পেয়েছেন ৭ হাজার ৩৬৬ ভোট। নোটায় ভোট পড়েছে ৮৭৭টি।

***************************

**West Tripura :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব জয়লাভ করেছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহাকে ৬ লক্ষ ১১ হাজার ৫৭৮ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। বিপ্লব কুমার দেব পেয়েছেন ৮ লক্ষ ৮১ হাজার ৩৪১টি ভোট। কংগ্রেসের প্রার্থী আশীষ কুমার সাহা পেয়েছেন ২ লক্ষ ৬৯ হাজার ৭৬৩ ভোট।

*****************************

**Ramnagar assembly final :**

জয়ের পর প্রতিক্রিয়া জানাতে গিয়ে দীপক মজুমদার বলেন, আগরতলা পুর নিগমের মেয়র হিসেবে তাঁর কাজের প্রতিফলন ঘটেছে এই ভোটে। তিনি বলেন, বিধায়ক হিসেবে তাঁর দায়িত্ব আরো বেড়েছে এবং তিনি মানুষের জন্যই কাজ করে যাবেন।

*************************

**Vote-Force :**

রাজ্য পুলিশের এআইজি (আইনশৃঙ্খলা) জ্যোতিস্মান দাস চৌধুরী জানিয়েছেন রাজ্যের সর্বত্র শান্তিপূর্ণ পরিস্থিতি রয়েছে। তিনি জানান যে কোন ধরনের পরিস্থিতি মোকাবেলায় রাজ্যের সব জেলায় পর্যাপ্ত নিরাপত্তা কর্মী মোতায়ন করা হয়েছে। ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং প্রায় নয় হাজার টি এস আর জওয়ানকে মোতায়েন করা হয়েছে। যে কোন পরিস্থিতি মোকাবেলায় প্রতিটি থানায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলেও তিনি জানান।

***************************

**BJP-press meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, গণতন্ত্রের শক্তি এই নির্বাচনে প্রতিফলিত হয়েছে। আজ পশ্চিম ত্রিপুরা লোকসভার নির্বাচনী কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এইবারের নির্বাচন খুব গুরুত্বপূর্ণ নির্বাচন ছিল। তিনি বলেন আগামীদিনে দেশ কোন দিশায় চলবে তা এই নির্বাচনের মাধ্যমে দেখা গেছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে জয়ী প্রার্থী বিপ্লব কুমার দেব, রামনগর বিধানসভা উপনির্বাচনে জয়ী প্রার্থী দীপক মজুমদার, প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী। বিজয়ী প্রার্থী বিপ্লব কুমার দেব বলেন এই জয় রাজ্যের জনগণের জয়। তিনি এই জয়ের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার প্রতি কৃতজ্ঞতা জানান। বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য বলেন দলের জন্য আজকের দিনটি খুব গুরুত্বপূর্ণ। তিনি রাজ্যের জনগন সহ নির্বাচনের সঙ্গে যুক্ত সকলকে ধন্যবাদ জানান।

*******************************

**Result :**

বিজেপি প্রার্থী অমিত শাহ গান্ধীনগর থেকে ৪ লক্ষ ৬০ হাজারেরও বেশি ভোটে জয়লাভ করেছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের  সোনাল রমাভাই প্যাটেলকে পরাজিত করেন।

হিমাচল প্রদেশে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর হামিরপুর আসন থেকে জয়লাভ করেছে। এই নিয়ে পর পর ৫ বার তিনি এই আসনে জয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের সতপাল রায়যাদাকে ১ লক্ষ ৮২ হাজার ২৫৭ ভোটের ব্যবধানে পরাজিত করেন।

হিমাচল প্রদেশে মান্ডি সংসদীয় আসনে বিজেপি প্রার্থী কঙ্গনা রানাওয়াত তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের বিক্রমাদিত্য সিংহকে ৭৪ হাজার ৭৫৫ ভোটের ব্যবধানে পরাজিত করেন।

পশ্চিমবঙ্গে বর্ধমান-দুর্গাপুর আসনে তৃণমূল কংগ্রেসের কীর্তি আজাদ জয়লাভ করেছেন। তিনি পেয়েছেন ৭ লক্ষ ২০ হাজার ৬৬৭টি ভোট। তিনি বিজেপির দিলীপ ঘোষকে ১ লক্ষ ৩৭ হাজার ৯৮১ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। আসানসোল আসনে তৃনমূল কংগ্রেসের শত্রুঘ্ন সিনহা ৫৯ হাজারেরও বেশি ভোটে তার নিকটতম বিজেপি প্রতিদ্বন্দ্বী এস এস সিং আলহুলিয়াকে পরাজিত করেন। শত্রুঘ্ন সিনহা পেয়েছেন ৬ লক্ষ ৫ হাজার ভোট।

লোকসভার অধ্যক্ষ ও বিজেপি প্রার্থী ওম বিড়লা রাজস্থানের কোটা আসনে নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের প্রহ্লাদ গুঞ্জলকে ৪১

হাজারেরও বেশি ভোটে পরাজিত করেছেন। বিজেপির অর্জুন রাম মেঘওয়াল বিকানীর কেন্দ্র কংগ্রেসের গোবিন্দ রাম মেঘওয়ালকে ৫৫ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেন।

মহারাষ্ট্রে মুম্বাই সাউথ সেন্ট্রাল আসনে শিব সেনা উধ্বব ঠাকরে দলের অনিল দেশাই জয়ী হয়েছেন। অন্যদিকে, এন সি পি-র সুনীল তাৎকারে রায়গড় কেন্দ্র থেকে জয়ী হয়েছেন।

বিহারে হিন্দুস্তানি আওআম মোর্চা (সেকুলার) দলের নেতা জিতন রাম মাঝি গয়া সংরক্ষিত আসনে জয়লাভ করেছেন।

কেন্দ্রীয় মন্ত্রী বিজেপি প্রার্থী জি কিষান রেড্ডি তেলেঙ্গানার সেকেন্দ্রাবাদ আসনে জয়লাভ করেছেন। এদিকে, কংগ্রেস নেতা শশী থারুর তিরুবানান্তপুরম থেকে জয়লাভ করেছেন।

মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বিজেপি নেতা শিবরাজ সিং চৌহান বিদিশা আসন থেকে জয়লাভ করেছেন। কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া মধ্যপ্রদেশের গুনা আসন থেকে এবং বিজেপির কিরেন রিজিজু অরুনাচল প্রদেশ পশ্চিম আসন থেকে জয়লাভ করেছেন।

******************************

**Neet :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আজ নিটের  আন্ডার গ্রাজুয়েট এর ফলাফল প্রকাশ করেছে। পরীক্ষার্থীরা exams.nta.ac.in/Neet এই ওয়েবসাইটে তাদের ফলাফল দেখতে পারবেন। উল্লেখ্য গত মাসের পাঁচ ই মে স্নাতক মেডিকেল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল।

****************************

**World Environment Day :**

আগামীকাল বিশ্ব পরিবেশ দিবস। এই উপলক্ষে ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং রাজ্য বিজ্ঞান, পরিবেশ ও প্রযুক্তি দপ্তর যৌথভাবে নানা কর্মসূচি গ্রহণ করেছে। আগামীকাল সকালে আগরতলা সুকান্ত একাডেমীর সামনে থেকে এক সচেতনতামূলক রেলি বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। এছাড়া সকাল ৭টায় সুকান্ত একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে বসে আঁকো প্রতিযোগিতা। সকাল সাড়ে নটায় হবে পুরস্কার বিতরনী অনুষ্ঠান। তাছাড়াও দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনের আশপাশ এলাকায় বৃক্ষরোপন করা হবে। শহরের পাঁচটি বয়েজ হোস্টেলে ডাস্টবিন প্রদান ও গাছের চারা বিতরণ করা হবে।

****************************

**Congress :**

কেরালায় ওয়ায়নাড আসনে কংগ্রেস নেতা রাহুল গান্ধী ৩ লক্ষ ৬৪ হাজার ৪২২ ভোটে জয়লাভ করেছেন। তিনি উত্তর প্রদেশের রায়বেরেলি আসনেও জয়লাভ করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে এবং দলীয় নেতা রাহুল গান্ধী আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে মিলিত হন। শ্রী খার্গে বলেন, ভোটের ফলাফল হল জনতার রায়। এটি স্পষ্ট বোঝা যাচ্ছে যে মোদী সরকারের বিরুদ্ধে জনমত রয়েছে।

বরিষ্ঠ কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেছেন, এবারের নির্বাচন শুধুমাত্র একটি রাজনৈতিক দলের বিরুদ্ধে ছিল না বিজেপি

দখলকৃত বিভিন্ন সংস্থার বিরুদ্ধে ছিল। শ্রী গান্ধী আরো বলেন, সংবিধানকে রক্ষা করার জন্যই ছিল এই সংরক্ষণ।

***************************

**Assembly Andra :**

অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এবং ওয়াই এস আর কংগ্রেস দলের সভাপতি ওয়াই এস জগনমোহন রেড্ডি রাজ্য বিধানসভা নির্বাচনে পরাজিত হয়েছেন। রাজ্যপালের সঙ্গে দেখা করে তিনি পদত্যাগ পত্র পেশ করবেন বলে জানা গেছে।

****************************

**Counting-Sepahijala :**

আমাদের সিপাহীজলা জেলার সংবাদদাতা অভিজিৎ বর্ধন জানাচ্ছেন, জেলায় শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচনের ভোট গণনা শেষ হয়েছে। লোকসভা কেন্দ্রটির অন্তর্গত মোট নয়টি বিধানসভা ক্ষেত্র রয়েছে জেলার তিনটি মহকুমা জুড়ে। গণনা কেন্দ্রের নিরাপত্তায় সর্বত্রই ছিল ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। সিপাহীজলা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক নাগেশ কুমার বি জানিয়েছেন গণনাকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই। এর জন্য তিনি জেলার অন্তর্গত সমস্ত নাগরিক, রাজনৈতিক দল ও গণনা কর্মীদের ধন্যবাদ জানিয়েছেন তিনি।

****************************

**CPI(M) politburo :**

লোকসভা নির্বাচনের ফলাফল নিয়ে সিপিআই(এম) পলিটব্যুরোর পক্ষ থেকে আজ সন্ধ্যায় এক প্রতিক্রিয়ায় বলা হয়েছে, এই ফলাফল বিজেপির কাছে এক বড় ধাক্কা। লোকসভায় একক সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে বিজেপি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ঘিরে যে অপরাজেয়তার ভাবমূর্তি গড়ে উঠেছিল, এই নির্বাচনে ৪০০ আসন পাওয়ার গর্ব ছিল, এই ফলাফল তার ওপর  এক বড় আঘাত।

সিপিআই(এম) পলিটব্যুরোর পক্ষ থেকে অভিযোগ করা হয় বিরোধী দলগুলির উপর সর্বাত্মক আক্রমণ, কেন্দ্রীয় এজেন্সিগুলির অপব্যবহার এবং অর্থশক্তির ব্যাপক ব্যবহারের মধ্যে দিয়ে এই নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য এবং সংবিধান, গণতন্ত্র ও নাগরিক অধিকার রক্ষায় এই নির্বাচনে জনগন স্বতস্ফূর্তভাবে এগিয়ে এসেছিল। এরজন্য জনগনকে অভিনন্দন জানিয়েছে সিপিআইএম পলিটব্যুরো।

*****************************

**Counting-Unakoti :**

আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানাচ্ছেন, জেলায় অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা পর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের গননাকেন্দ্রের চারটি গননা হলে ভোটগননা অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলাটি পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনের অন্তর্গত। ভোটগননার ফলাফলে দেখা যায়, ঊনকোটি জেলার অন্তর্গত পাবিয়াছড়া বিধানসভা ক্ষেত্রে বি,জে,পি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ পেয়েছেন 28,459 ভোট। ফটিকরায়

বিধানসভা কেন্দ্রে তাঁর প্রাপ্ত ভোট 28,249 ভোট। চন্ডীপুর আসনে তিনি পেয়েছেন 24,988 ভোট এবং কৈলাশহর বিধানসভা কেন্দ্রে তাঁর প্রাপ্ত ভোট হচ্ছে, 17,502 ভোট। অন্যদিকে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী C.P.I(M) এর রাজেন্দ্র রিয়াং পাবিয়াছড়া বিধানসভা ক্ষেত্রে 11,071 ভোট পেয়েছেন। ফটিকরায় বিধানসভা কেন্দ্রে তিনি পেয়েছেন 7619 ভোট। এদিকে চন্ডীপুর বিধানসভা ক্ষেত্রে তিনি 10,342 ভোট পেয়েছেন। কৈলাশহর বিধানসভা কেন্দ্রে্ তাঁর প্রাপ্ত ভোট 19,809 ভোট। এদিকে ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে ভোটগণনা পর্ব অনুষ্ঠিত হয়েছে। ভোটগণনা পরবর্তী সময়ে সর্বত্র শান্তি ও সুস্থিতি বজায় রাখতে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

****************************

**Counting-Gomati :**

গোমতী জেলাতেও ভোট গণনার কাজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। গোমতী জেলা পুলিশ সুপার নামিত পাঠক আমাদের জেলার সংবাদদাতা শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, গোটা গোমতী জেলাতে কোন রকমের অপ্রীতিকর ঘটনার খবর নেই। জেলা নির্বাচন আধিকারিক তথা গোমতী জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা জানিয়েছেন, জেলায় তিনটি এলাকায় ভোট গণনা কেন্দ্রে ভোট গণনা হয়েছে।

*************************

**North District Final :**

গোটা উত্তর জেলায়পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভারতীয় জনতা দলের প্রার্থী কৃতি দেবী দেববর্মন মোট ভোট পেয়েছেন ১ লক্ষ ৬৭ হাজার ৮৮৫টি, ইন্ডিয়া জোট মনোনিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং মোট ভোট পেয়েছেন ৭৪ হাজার ৩৪৮টি ।

**********************************

**Chitta Debbarma :**

জি বি হাসপাতালে চিকিৎসাধীন পদ্মশ্রীপ্রাপ্ত স্বামী চিত্ত দেব্বর্মার শারীরিক অবস্থা বর্তমানে স্থিতিশীল রয়েছে। উল্লেখ্য, তিনি গত ৩১শে মে কিডনিজনিত সমস্যার কারণে জিবি হাসপাতালে ভর্তি হন। তাকে আই সি ইউ তে রাখা হয়েছে।

**************************

**North East :**

উত্তর পুর্বান্‌কলের ৮ রাজ্যের মোট ২৫ টি আসনে গণনার ফলাফলের ট্রেন্ড এরকম। বিজেপি ১২ টি ও কংগ্রস ৮ টি আসনে এগিয়ে আছে। এছাড়া বিভিন্ন রাজ্যের আঞ্চলিক দল গুলো বাকি ৫ টি আসনে এগিয়ে আছে।যেমন সিকিমে সিকিম ক্র্‌ন্তিকারী মোর্চা ১ টি, অসমে অসম গণ পরিষদ ১ টি, মিজোরামে জোরাম পিপলস পার্টি ১ টি আসনে, অন্য আরো দুটি দল ১ টি করে আসনে এগিয়ে আছে ।

অসমে ১৪টি আসনের মধ্যে বিজেপি ৮টি আসনে এগিয়ে, কংগ্রেস ৪টি আসনে, ইউনাইতেদ তিপল্স পার্টি ১টি, অগপ ১টি আসনে এগিয়ে আছে।

মনিপুরে ২টি আসনের মধ্যে উভয় আসনে কংগ্রেস জয় লাভ করেছে।

মেঘালয়ে কংগ্রেস ১ টি আসনে, এবং ভয়েস অফ দি পিপল পার্টি ১টি জয়ী হয়েছে। মিজোরামে এমাত্র আসনে জয়ী হয়েছে জোরাম পিপলস পার্টি, নাগাল্যান্ড–এ একমাত্র আসনে জয়ী হয়েছে কংগ্রেস। সিকিমে একমাত্র আসনের লোকসভা জয়ী সিকিম ক্রান্তিকারী মোর্চা। ত্রিপুরা দুই আসনের লোকসভা ভোট উভয় আসনেই জয় পেয়েছে বিজেপি।

*************************

**West Tripura :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে প্রার্থী ছিলেন মোট ৯ জন। তারা হলেন বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেসের আশিস কুমার সাহা, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া–(এ) র অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, নির্দল প্রার্থী গৌরী শংকর নন্দী, মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং, বলরাম দেববর্মা ও ব্রজলাল দেবনাথ।

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে প্রার্থী ছিলেন মোট ৯ জন। তারা হলেন বিজেপি’র কৃতি দেবী দেববর্মণ এবং ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং। তাছাড়া বাকি ৭ জন নির্দল প্রার্থী হলেন কৃষ্ণমোহন জমাতিয়া, দর্শনকুমার রিয়াং, কল্পমোহন ত্রিপুরা, শত্রুঘ্ন জমাতিয়া, অর্চনা উরাং, শিবচন্দ্র দেববর্মা ও সান্তোজয় ত্রিপুরা।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন তেইশ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলার বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ছয় দশমিক পাঁচ মিলিমিটার। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর, উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

******************************